

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টমস অ্যান্ড কমিশনারেট, ঢাকা।

Date- 24 APR 2022

প্রাপ্ত পত্র নং ০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।

[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০২.০১২.২০১৮/ ১৫২ (৭)

তারিখ: ২১/০৪/২০২২ খ্রি:।

বিষয়: রপ্তানি পণ্যগার স্থাপনের অনুমতি প্রদান।

সূত্র: পোর্টলিংক লজিস্টিকস সেন্টার লিমিটেড এর পত্র নং-নাই, তারিখ: ১১/১১/২০২১ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।


০২। সূত্রীয় পত্রটি জাতীয় রাজস্ব বোর্ডে পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনান্তে, গার্মেন্টস, নীট পোশাক রপ্তানির পূর্বে বিদেশী বায়ারের চাহিদার প্রেক্ষিতে তার মনোনীত প্রতিনিধির মাধ্যমে রপ্তানিতব্য পণ্য প্রতিনিধিত্বপূর্ণ চেকিং/কোয়ালিটি যাচাই করে থাকেন। এ সমস্ত পণ্য বন্দরের নিকটতম কোন জায়গায় চেকিং করা হয়। উল্লিখিত স্থানটি বন্ডেড এলাকা না হলে শুল্কমুক্ত সুবিধায় আমদানিকৃত কাঁচামাল দ্বারা উৎপাদিত পণ্য সংরক্ষণ বা ব্যবস্থাপনা আইন সঙ্গত নয় বিধায় প্রতিষ্ঠানসমূহ The Customs Act, 1969 এর Section-13(2) অনুযায়ী রপ্তানি পণ্য সংরক্ষণাগার (সাময়িক) এর আবেদন করেছেন। আবেদন পত্রের সাথে ট্রেড লাইসেন্স, TIN, BIN দাখিল করেছে।

০৩। বর্ণিতাবস্থায়, নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে পোর্টলিংক লজিস্টিকস সেন্টার লিমিটেড নামীয় প্রতিষ্ঠানের অনুকূলে “রপ্তানি পণ্যগার” স্থাপনের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের সম্মতি প্রদান করা হলো:

- (ক) “রপ্তানি পণ্যগার” যে কমিশনারেট/কাস্টম হাউস এর অধিক্ষেত্র/সীমার মধ্যে অবস্থিত, সে কমিশনারেট/কাস্টম হাউস থেকে The Customs Act, 1969 এর Section-13(2) অনুযায়ী লাইসেন্স গ্রহণ করতে হবে। প্রতিষ্ঠানটি অফডক এলাকার মধ্যে অবস্থিত হলে সংশ্লিষ্ট কাস্টম হাউস থেকে এ সংক্রান্ত লাইসেন্স গ্রহণ করতে হবে;
- (খ) আবেদনকারীকে লাইসেন্স ফি বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ট্রেজারী চালানোর মাধ্যমে একাউন্ট কোড নং-১১৩১-০০০০-০৪২১-তে জমা প্রদান করে ট্রেজারী চালানোর মূল কপি ও স্বাক্ষরিত জেনারেল বন্ডসহ সংশ্লিষ্ট কমিশনারেট/কাস্টম হাউসে দাখিল করতে হবে;
- (গ) লাইসেন্স এর মেয়াদ হবে নিবন্ধন প্রদানের তারিখ হতে ০৩ (তিন) বৎসর;
- (ঘ) লাইসেন্সিকে প্রতি বৎসর তৎসংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অডিট সম্পন্ন করতে হবে;
- (ঙ) লাইসেন্স এর মেয়াদ উত্তীর্ণ হবার ৩০ (ত্রিশ) দিন পূর্বে লাইসেন্স নবায়ন ফি বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ট্রেজারী চালানোর মাধ্যমে জমা কমিশনারেট এর সংশ্লিষ্ট কোডে জমা প্রদান করতে হবে;
- (চ) লাইসেন্সিকে প্রচলিত আইন ও বিধি মোতাবেক মূসক ও অন্যান্য কর পরিশোধ করতে হবে;
- (ছ) “রপ্তানি পণ্যগার” সম্পূর্ণ প্রস্তুতকৃত রপ্তানি পণ্য ব্যতীত অন্য কোন কাঁচামাল বা অর্ধপ্রস্তুতকৃত পণ্য ইন্টু বন্ড বা অন্য কোন প্রকারে ও পদ্ধতিতে সংরক্ষণ করা যাবে না। যে সময়/মেয়াদের জন্য পণ্য তার গুদামে থাকবে, প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে সেই সময়ের জন্য একজন প্রাইভেট বন্ডেড ওয়ারহাউস কর্তৃপক্ষ হিসেবে সরকারের সকল আইন ও বিধান মেনে চলতে হবে;
- (জ) পণ্য বর্হিগমনের পর রপ্তানির উদ্দেশ্যে সরাসরি বন্দরে/অফডকে পাঠাতে হবে এবং রপ্তানি বন্দর পর্যন্ত বর্ণিত তথ্যের সাথে সঙ্গতিপূর্ব্ব একটি চালানপত্র (ইনভয়েস) “রপ্তানি পণ্যগার” প্রতিষ্ঠান ইস্যু করবে। “রপ্তানি পণ্যগার” সংশ্লিষ্ট প্রতিটি রপ্তানিকারকের (গার্মেন্টস প্রতিষ্ঠান) নামে উক্ত কেন্দ্রে (জাতীয় রাজস্ব বোর্ড নির্দেশিত) আগমন ও নির্গমন রেজিস্ট্রারের হিসাব পৃথক রেজিস্ট্রারে সংরক্ষণ করতে হবে।
- (ঝ) প্রতিটি “রপ্তানি পণ্যগার” কে সংশ্লিষ্ট কমিশনারের নিকট ০৩ (তিন) কোটি টাকার জেনারেল বন্ড সম্পাদন করতে হবে। যা প্রতি ০৩ (তিন) বছর পর নবায়ন করতে হবে।

- (এ) প্রতিটি “রপ্তানি পণ্যগার” বন্ড অফিসার যে কোন সময় প্রবেশ এবং প্রতিষ্ঠানের ইলেকট্রনিক সিস্টেম থেকে তথ্য সংগ্রহ করতে পারবে এবং প্রতিষ্ঠানের নিকট থেকে চাহিত তথ্য প্রতিষ্ঠান যে কোন সময় বন্ড অফিসারকে প্রদানে বাধ্য থাকবে।
- (ট) “রপ্তানি পণ্যগার” কোন ধরনের অনিয়ম পরিলক্ষিত হলে অথবা রপ্তানিকারক (প্রস্তুতকারী) কর্তৃক যে কোন ধরনের অভিযোগ উত্থাপিত হলে বা কোনরূপ নিরাপত্তা বিঘ্নিত হলে তার জন্য লাইসেন্সিং (“রপ্তানি পণ্যগার” কর্তৃপক্ষ) দায়ী থাকবে;
- (ঠ) “রপ্তানি পণ্যগার” সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনার জন্য রেজিস্ট্রার সংরক্ষণ করতে হবে এবং প্রতিষ্ঠান যথাসম্ভব সকল তথ্য ইলেকট্রনিক মাধ্যমে সংরক্ষণ করবেন ও সংশ্লিষ্ট কমিশনারেট/বোর্ডের চাহিদা মোতাবেক সরবরাহ করবেন।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,



২২/৪/২২

(মোঃ মশিয়ার রহমান মন্ডল)

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩

ই-মেইল-ssbondnbr@gmail.com

প্রাপক: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

- ১-৬। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/পানপাঁও/আইসিডি (কমলাপুর), ঢাকা।
- ৯-৮। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
- ৯-১৪। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী/মশোর/খুলনা/রংপুর/কুমিল্লা/সিলেট।

নথি নং-০৮.০১.০০০০.৪৬.০২.০১২.২০১৮/

তারিখ: ২১/০৪/২০২২ খ্রি:।

অনুলিপি: সদয় অবগতির জন্য

- ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, পোর্টালিংক লজিস্টিকস সেন্টার লিমিটেড, জাহাঙ্গীর টাওয়ার (৬ষ্ঠ তলা) কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা।
- ২-৩। অফিস কপি/গার্ড কপি।

(মোঃ মশিয়ার রহমান মন্ডল)

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩

ই-মেইল-ssbondnbr@gmail.com